গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নৌপরিবহন মন্ত্রণালয়
লাইব্রেরি উন্নয়ন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mos.gov.bd

ডিজিটাল আর্কাইভের প্রযুক্তিগত কাঠামোর সম্ভাব্যতা যাচাই সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোহাম্মদ আব্দুল আওয়াল যুগ্মসচিব
সভার তারিখ	১৩ আগস্ট ২০২৬
সভার সময়	সকাল ১১.০০ টা
স্থান	মন্ত্রণালয়ের মিনি সভাকক্ষ
উপস্থিতি	সংযুক্তি-০১

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সভার আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র সভায় উপস্থাপন করা হয়। এরপর আলোচ্যসূচি মোতাবেক বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
০১। নৌপরিবহন মন্ত্রণালয় গ্রন্থাগারের বিদ্যমান গ্রন্থাগার সম্পদ (Library Resources) পর্যালোচনা।	নৌপরিবহন মন্ত্রণালয় গ্রন্থাগারের বিদ্যমান সকল গ্রন্থাগার সম্পদের একটি পূর্ণাঙ্গ ও হালনাগাদ তালিকা প্রস্তুত করতে হবে: **ক) ঐতিহ্যগত সম্পদ:** বিদ্যমান বই, প্রতিবেদন, সাময়িকী (Journals), বার্ষিক প্রতিবেদন, ম্যাগাজিন, ইয়ার বুক, সরকারি গেজেট ও পত্রিকাসমূহের ধরন ও কপিসহ সুনির্দিষ্ট সংখ্যা নিরূপণ করা। **খ) আইসিটি অবকাঠামো:** বর্তমানে ব্যবহৃত কম্পিউটার, প্রিন্টার ও স্ক্যানারসহ অন্যান্য যন্ত্রপাতির সচিত্র বিবরণ ও সংখ্যা নির্ধারণ করা।	গ্রন্থাগারিক, লাইব্রেরি শাখা
০২। ডিজিটাল আর্কাইভের জন্য ইনফ্রাস্ট্রাকচার বা প্রযুক্তিগত কাঠামোর সম্ভাব্যতা পর্যালোচনা।	মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, অর্থ মন্ত্রণালয়, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, জাতীয় গণগ্রন্থাগার অধিদপ্তর, সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এবং জাতীয় গ্রন্থাগারসহ যেসকল সরকারি প্রতিষ্ঠান সফলভাবে ডিজিটাল আর্কাইভ বা ডিজিটাল লাইব্রেরি সিস্টেম ব্যবহার করছে, তাদের আইসিটি অবকাঠামো ও পদ্ধতি পর্যালোচনাপূর্বক আগামী **৩০** কার্যদিবসের মধ্যে একটি প্রতিবেদন দাখিল করতে হবে।	সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা ও গ্রন্থাগারিক, লাইব্রেরি শাখা
০৩। প্রস্তাবিত ডিজিটাল আর্কাইভ তৈরির জন্য প্রয়োজনীয় আইনগত বাধ্যবাধকতা ও সামঞ্জস্যতা পর্যালোচনা।	প্রস্তাবিত ডিজিটাল আর্কাইভের টেকসই কারিগরি কাঠামো তৈরির লক্ষ্যে তথ্য অধিকার আইন, সরকারি গোপনীয়তা আইন এবং কপিরাইট আইনের প্রাসঙ্গিক আইনি বাধ্যবাধকতা ও সামঞ্জস্যতা পর্যালোচনা করে কি কি বিষয় ডিজিটাল আর্কাইভে অন্তর্ভুক্ত করা যাবে সে বিষয়ে আগামী ৩০ কার্যদিবসের মধ্যে একটি সুনির্দিষ্ট প্রতিবেদন দাখিল করতে হবে।	সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-০১ ও প্রোগ্রামার, আইসিটি শাখা
০৪। ব্যবহারকারী-বান্ধব (User Friendly Interface) ইনস্টিটিউশনাল রিপোজিটরি গড়ে তোলা।	**ক)** প্রস্তাবিত ডিজিটাল আর্কাইভটি সম্পূর্ণ ব্যবহারকারী-বান্ধব (User Friendly) এবং সহজে অনুসন্ধানযোগ্য হতে হবে। **খ)** সিস্টেমের দীর্ঘমেয়াদি ও প্রাত্যহিক ব্যবস্থাপনার (Management & Maintenance) ক্ষেত্রে বহিরাগত কোনো প্রতিষ্ঠানের উপর নির্ভরশীলতা পরিহার করে এর সম্পূর্ণ নিয়ন্ত্রণ মন্ত্রণালয়ের নিজস্ব তত্ত্বাবধানে রাখতে হবে। **গ)** ন্যূনতম সময়ে এবং সাশ্রয়ী ব্যয়ে আন্তর্জাতিক মানসম্পন্ন ও টেকসই সিস্টেম উন্নয়ন সম্পন্ন করতে হবে।	লাইব্রেরি শাখা ও আইসিটি শাখা

০৫। মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/অফিস/সংস্থার সকল আইন, বিধি ও নীতিমালা সংরক্ষণ।	নৌপরিবহন মন্ত্রণালয় এবং এর অধীনস্থ সকল দপ্তর, অধিদপ্তর, পরিদপ্তর, অফিস ও সংস্থার যাবতীয় আইন, বিধি, নীতিমালা, প্রবিধানমালা, পরিপত্র এবং সংশ্লিষ্ট সকল গুরুত্বপূর্ণ অফিসিয়াল ডকুমেন্টের ১ (এক)টি করে প্রিন্টেড কপি আবশ্যিকভাবে মন্ত্রণালয়ের লাইব্রেরি শাখায় সংরক্ষণের জন্য প্রেরণ করতে হবে।	মন্ত্রণালয়ের সকল শাখা
০৬। গ্রন্থাগারে আধুনিক রেডি রেফারেন্স (Ready Reference Service) সেবা চালুকরণ।	মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থার সকল আইন, বিধি, নীতিমালা ও পরিপত্রসমূহ ডিজিটাল ফরমেটে (E-Book আকারে) লাইব্রেরির সার্ভারে সুবিন্যস্তভাবে সংরক্ষণ করতে হবে এবং এর মাধ্যমে কর্মকর্তা-কর্মচারীদের জন্য দ্রুততম সময়ে আধুনিক রেডি রেফারেন্স সেবা নিশ্চিত করতে হবে।	লাইব্রেরি শাখা ও আইসিটি শাখা

০৭। সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯-০৮-২০২৬
মোহাম্মদ আব্দুল আওয়াল
যুগ্মসচিব

তারিখ: ৪ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ১৮.০০.০০০০.০০০.০০০.০৫.০০০১.২৬.৭

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অতিরিক্ত সচিব, প্রশাসন অনুবিভাগ, নৌপরিবহন মন্ত্রণালয়;
২। সচিবের একান্ত সচিব, সচিব এর দপ্তর, নৌপরিবহন মন্ত্রণালয়;
৩। সিনিয়র সহকারী সচিব, প্রশাসন-১ শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়;
৪। প্রোগ্রামার, আইসিটি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়;
৫। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, নৌপরিবহন মন্ত্রণালয়;
৬। গ্রন্থাগারিক, লাইব্রেরি উন্নয়ন শাখা, নৌপরিবহন মন্ত্রণালয় এবং
৭। ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অধিশাখা, নৌপরিবহন মন্ত্রণালয়।

২৩-০৮-২০২৬
মোঃ আশিকুল ইসলাম
গ্রন্থাগারিক